EGLE MICHIGAN DEPARTMENT OF ENVIRONMENT, GREAT LAKES, AND ENERGY

# প্রস্তাবিত প্রকল্পের সারসংক্ষেপ

ওয়ারেন ওয়েস্ট ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট – ওয়ারেন, ম্যাকম্ব কাউন্টি, মিশিগান

## ওয়ারেন ওয়েস্ট ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট

মিশিগান পরিবেশ, গ্রেট লেকস ও শক্তি অধিদপ্তর (EGLE), এয়ার কোয়ালিটি বিভাগ (AQD), ওয়ারেন ওয়েস্ট ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট (ওয়ারেন WWTP)-এর জন্য একটি প্রস্তাবিত পারমিট টু ইনস্টল (PTI) সম্পর্কে জনগণের কাছ থেকে মন্তব্য চাইছে। AQD ২০ আগস্ট, ২০২৪ তারিখে মন্তব্য পর্ব শেষ হবার আগ পর্যন্ত প্রস্তাবিত PTI বিষয়ক মন্তব্য গ্রহণ করবে।৮ আগস্ট, ২০২৪ তারিখে ভার্চুয়াল গণশুনানির দিন ধার্য করা হয়েছে। আমরা প্রস্তাবিট পারমিটের বিষয়ে কোনো চূড়ান্ত সিদ্ধান্ত নেবার আগে সকল মন্তব্য পর্যালোচনা করবো।

## ওয়ারেন WWTP কী করার প্রস্তাব দিচ্ছে?

ওয়ারেন WWTP 32360 ওয়ারকোপ অ্যাভিনিউ, ওয়ারেন (চিত্র ১) ঠিকানায় একটি বিদ্যমান পৌর বর্জ্য পানি শোধনাগার পরিচালনা করে। ওয়ারেন WWTP একটি নতুন সিউয়েজ স্লাজ নিষ্পত্তি প্রক্রিয়া ইনস্টল ও পরিচালনা করার প্রস্তাব দিচ্ছে যা বিদ্যমান পয়ঃনিষ্কাশন কাদা ভস্মীভূতকারীকে প্রতিস্থাপন করবে।

প্রস্তাবিত প্রক্রিয়াটি নতুন বিল্ডিং হিটার এবং একটি জরুরি জেনারেটর সহ একটি নতুন ভবনে ইনস্টল করা হবে। প্রস্তাবিত প্রক্রিয়াটিতে নতুন পয়ঃনিষ্কাশন কাদা পানি নিষ্কাশন পদ্ধতি এবং কাদা নিষ্পত্তি সরঞ্জামের দুইটি অভিন্ন সেট অন্তর্ভুক্ত থাকবে: একটি বায়োকন বায়োসলিডস ড্রায়ার এবং ভেওলিয়া ওয়াটার টেকনোলজির একটি শক্তি পুনরুদ্ধার পদ্ধতির চুল্লি। প্রতিটি বায়োসলিড ড্রায়ারে শুরুর সময় তাপ সরবরাহ করার জন্য একটি প্রাকৃতিক গ্যাস হিটার থাকবে। একবার সিস্টেমটি চালু হয়ে গেলে, স্লাজ শুকানোর জন্য তাপ চুল্লি থেকে আসবে। প্রতিটি প্রস্তাবিত চুল্লিতে নিম্নলিখিত বায়ু দূষণ নিয়ন্ত্রণ সরঞ্জাম থাকবে:

- একটি সাইক্লোন
- একটি ওয়েট স্ক্রাবার
- একটি ওয়েট ইলেক্ট্রোস্ট্যাটিক প্রিসিপিটেটর
- একটি সিলেকটিভ ক্যাটালাইটিক রিডাকশন সিস্টেম
- একটি মার্কারি কন্ট্রোল ডিভাইস




চিত্র 1: ওয়ারেন WWTP অবস্থান

## PTI কী এবং এটি কেন প্রয়োজন?

PTI, যা সাধারণত বায়ু ব্যবহারের অনুমোদন হিসেবে পরিচিত, এমন প্রকল্পগুলোর জন্য আবশ্যক যার বেশিরভাগ প্রক্রিয়া বা প্রক্রিয়ার সরঞ্জাম স্থাপন, নির্মাণ, পুনর্নির্মাণ, স্থানান্তর বা পরিবর্তন বায়ু দূষক পদার্থ নির্গত করে, অথবা নির্গত করতে পারে, যেমন নতুন পয়ঃনিষ্কাশন কাদা নিষ্পত্তি প্রক্রিয়া ওয়ারেন WWTP ইন্সটল করার প্রস্তাব করছে।

AQD আবেদনটি পর্যালোচনা করেছে এবং প্রস্তাবিত পারমিটের শর্তাবলী লিখেছে যার মধ্যে প্রস্তাবিত প্রকল্পটি প্রযোজ্য সকল বায়ু বিষয়ক বিধিমালা মেনে চলে কিনা সেটা নিশ্চিত করার আবশ্যকীয়তা অন্তর্ভুক্ত রয়েছে।

## ওয়ারেন WWTP কেন গণমন্তব্য নিতে যাচ্ছে?

ওয়ারেন WWTP ভ্যান ডাইক অ্যাভিনিউয়ের পূর্বে এবং শিকাগো রোডের পশ্চিমে থার্টিন মাইল রোড এবং ফোরটিন মাইল রোডের মধ্যে রেড রান ড্রেনের উত্তর তীরে একটি নতুন পয়ঃনিষ্কাশন কাদা নিষ্পত্তি প্রক্রিয়া স্থাপনের প্রস্তাব দিচ্ছে। এই ধরনের প্রক্রিয়া সাধারণত জনসাধারণের আগ্রহ তৈরি করে, তাই AQD নির্ধারণ করেছে যে জনসাধারণের প্রস্তাবিত পারমিটের শর্তে মন্তব্য করার সুযোগ থাকা উচিত।

## এলাকায় বায়ুর বর্তমান মান কত?

যুক্তরাষ্ট্রের পরিবেশ সংরক্ষণ সংস্থা (USEPA) নির্দিষ্ট বায়ু দূষকের জন্য স্বাস্থ্য-প্রতিরক্ষামূলক মান তৈরি করেছে। এই মানকে জাতীয় পারিপার্শ্বিক বায়ু মান (NAAQS) বলা হয়।

সালফার ডাইঅক্সাইড (SO2), নাইট্রোজেন ডাইঅক্সাইড ($NO_2$), কার্বন মনোঅক্সাইড, ১০ মাইক্রনের সমান বা কম ব্যাসের বস্তুকণা, ২.৫ মাইক্রনের সমান বা কম ব্যাসের বস্তুকণা (PM2.5), ওজোন, ও সীসা সহ কিছু দূষকের জন্য NAAQS রয়েছে।

উচ্চ মাত্রার দূষণের ফলে সৃষ্ট বায়ুর নিম্নমান স্বাস্থ্য সমস্যা ঘটাতে পারে। NAAQS গবেষণা কর্ম থেকে তৈরী এবং জনস্বাস্থ্য রক্ষার জন্য মাত্রায় ধার্য করা। এর মধ্যে রয়েছে সংবেদনশীল জনগোষ্ঠীর জন্য স্বাস্থ্য সুরক্ষা, যেমন যাদের হৃদযন্ত্র এবং ফুসফুসের সমস্যা রয়েছে।

ফ্যাসিলিটিটি অবস্থিত ম্যাকম্ব কাউন্টি, মিশিগানে যা বর্তমানে সমস্ত NAAQS পূরণ করছে। AQD ম্যাকম্ব কাউন্টিতে দুইটি বায়ু পর্যবেক্ষণ স্টেশন পরিচালনা করে, একটি ওয়ারেন (ওজোন পরিমাপ করে) এবং একটি নিউ হ্যাভেনে (ওজোন মরসুমে ওজোন, বস্তু কণা এবং কার্বনিল যৌগ পরিমাপ করে)। AQD এর ওকল্যান্ড কাউন্টিতে একটি সাইট রয়েছে (ওজোন এবং বস্তু কণা পরিমাপ করে) এবং ওয়েইন কাউন্টিতে ১১ টি যা বিভিন্ন দূষক পরিমাপ করে। নিকটতম সাইটটি ১.৫ মাইল দূরের ওয়ারেন সাইট যা ওজোন পরিমাপ করে। পরবর্তী নিকটতম হলো সাত মাইল দূরে ডেট্রয়েটের ওসবর্ন হাই স্কুল যা গ্রীষ্মের মাসগুলোতে ওজোন, পার্টিকুলেট ম্যাটার, নাইট্রোজেন অক্সাইড এবং বায়ুর বিষাক্ততা পরিমাপ করে। অনুগ্রহ করে লক্ষ্য করুন, বায়ু পর্যবেক্ষণ কেন্দ্রগুলোর উদ্দেশ্য আঞ্চলিক বা অঞ্চলব্যাপী বায়ু মান মূল্যায়ন করা এবং কোনো নির্দিষ্ট উৎস তাদের এয়ার পারমিট মেনে চলছে কিনা তা নির্ধারণ করতে ব্যবহৃত হয় না।

## এয়ার কোয়ালিটি মান পূরণ করা হবে?

ওয়ারেন WWTP ফ্যাসিলিটির আশেপাশের অঞ্চলে বায়ু মানের উপর প্রস্তাবিত প্রকল্প থেকে নির্গমনের প্রত্যাশিত প্রভাব দেখার জন্য একটি কম্পিউটার মডেল ব্যবহার করা হয়েছিল। এই ধরনের কম্পিউটার মডেলকে বায়ু বিক্ষেপণ মডেল বলা হয় এবং অনেক নিয়ামক বিবেচনা করা হয়, যেমন নির্গমনের পরিমাণ ও ধরন, নিয়ন্ত্রক বাতাসের দিক এবং অন্যান্য নিয়ামক।

মডেলটি দেখিয়েছে যে নতুন প্রক্রিয়া থেকে নির্গমনের প্রত্যাশিত প্রভাব এবং বিদ্যমান পর্যবেক্ষণ মাত্রা $NO_2$ ও PM2.5 এর জন্য প্রযোজ্য NAAQS এর চেয়ে কম।

মিশিগান অতিরিক্ত দূষণের জন্য স্বাস্থ্য-ভিত্তিক স্ক্রিনিং মাত্রা তৈরি করেছে যাকে এর বায়ু দূষণ বিধিমালার অধীনে বিষাক্ত বায়ু নিয়ন্ত্রণ (TAC) হিসেবে উল্লেখ করা হয়। এই প্রকল্প থেকে প্রস্তাবিত TAC নির্গমন AQD'এর বায়ুর বিষাক্ততা বিধি মেনে চলবে। আরো তথ্যের জন্য প্রযুক্তিগত তথ্য পত্রতে টেবিল ৭ ও ৮ দেখুন।

## বিদ্যমান পয়ঃনিষ্কাশন কাদা ভস্মীভূতকারীর তুলনায় নির্গমন কীভাবে পরিবর্তিত হবে?

নতুন প্রক্রিয়ার সম্ভাব্য নির্গমন বর্তমান প্রক্রিয়ার সম্ভাব্য নির্গমনের চেয়ে কম। আরো তথ্যের জন্য প্রযুক্তিগত তথ্যশিটে টেবিল ২ দেখুন।

## PFAS এর ব্যাপারে কী হবে?

"PFAS" নামে পরিচিত পার- এবং পলিফ্লুরোয়ালকাইল পদার্থ হলো মানবসৃষ্ট রাসায়নিকের একটি গ্রুপ যা অগ্নিনির্বাপক ফোম, দাগ প্রতিরোধক এবং নন-স্টিক রান্নার পাত্রের মতো জিনিস তৈরিতে ব্যবহৃত হয়। PFAS পরিবেশে সহজে বিয়োজিত হয় না এবং ধ্বংস করাও কঠিন। কিছু PFAS আমাদের দেহে জমা হতে পারে, যা স্বাস্থ্যের ঝুঁকির কারণ হতে পারে।

ওয়ারেন WWTP ও EGLE, ওয়ারেন WWTP থেকে উৎপন্ন স্লাজ পরীক্ষা করেছে এবং কিছু PFAS পাওয়া গেছে, তাই AQD প্রস্তাবিত পয়ঃনিষ্কাশন কাদা নিষ্পত্তি প্রক্রিয়া থেকে সম্ভাব্য PFAS নির্গমনকে সাবধানতার সাথে মূল্যায়ন করেছে।

প্রস্তাবিত পারমিটের শর্ত পূরণে ওয়ারেন WWTPকে প্রস্তাবিত চুল্লি ১৯৯৪°F তাপমাত্রায় পরিচালনা করতে হবে। USEPA এর গবেষণায় দেখা যায় যে উচ্চ তাপমাত্রার পোড়ানো হলে PFAS ধ্বংস হয়। এই গবেষণার ভিত্তিতে, প্রয়োজনীয় ১৯৯৪°F তাপমাত্রা বেশিরভাগ PFAS নির্গমন ধ্বংস করবে বলে আশা করা হচ্ছে।

প্রস্তাবিত পারমিটের শর্ত পূরণে চুল্লিকে PFAS নির্গমনের ৯০% ধ্বংস করতে হবে এবং ওয়ারেন WWTPকে হেক্সাফ্লুরোইথেন ($C_2F_6$) নামক রাসায়নিক ব্যবহার করে PFAS ধ্বংস পরীক্ষা করতে হবে। $C_2F_6$ ধ্বংস করা কঠিন কিন্তু PFAS এর মতো বিষাক্ত নয়।

প্রস্তাবিত পারমিটের শর্তে দুটি নির্দিষ্ট PFAS যৌগ, পারফ্লুরোওকটেনসালফোনিক অ্যাসিড (PFOS) এবং পারফ্লুরোওকটানোয়িক অ্যাসিড (PFOA) এর জন্য নির্গমন সীমা রয়েছে, ওয়ারেন WWTP নির্গমন সীমা পূরণ করছে তা দেখানোর জন্য নির্গমন পরীক্ষাসহ।

## প্রস্তাবিত পারমিট সম্পর্কে আমার আসলে কী জানা দরকার?

প্রস্তাবিত পারমিটের নির্দিষ্ট আবশ্যিকতা রয়েছে যা ওয়ারেন WWTPকে পারমিট অনুমোদিত হলে অনুসরণ করতে হবে। আপনি যে মূল ক্ষেত্রগুলোতে আগ্রহী হতে পারেন, অথবা আপনি আরো বিস্তারিত জানতে চাইতে পারেন, সেগুলো হলো:

- **নির্গমনের সীমা** – নির্দিষ্ট বায়ু দূষক অবমুক্তির অনুমোদিত পরিমাণ। এর মধ্যে PFOS ও PFOA এর সীমা অন্তর্ভুক্ত রয়েছে।
- **বস্তুর সীমা** - সর্বাধিক কত পরিমাণ সিউয়েজ স্লাজ প্রক্রিয়াজাত করার অনুমতি দেওয়া হয়েছে। ওয়ারেন WWTPকে কেবল ওয়ারেন WWTPতে উৎপন্ন পয়ঃনিষ্কাশন কাদা প্রক্রিয়া করার অনুমতি দেওয়া হবে।
- **প্রক্রিয়ার বিধিনিষেধ** – প্রস্তাবিত চুল্লি ও বায়ু দূষণ নিয়ন্ত্রণ সরঞ্জাম সঠিকভাবে কাজ করছে তা নিশ্চিত করে।
- **নির্গমন পরীক্ষা** – PFOS ও PFOA নির্গমন সীমা সহ নির্গমন সীমা পূরণ করছে তা দেখার জন্য।
- **পর্যবেক্ষণ ও রেকর্ড সংরক্ষণ** – কন্ট্রোল ডিভাইস এবং উপাদান ব্যবহারের পর্যবেক্ষণ, এবং নিষ্পত্তি প্রক্রিয়া পারমিটের সকল আবশ্যিকতা পূরণ করে এমন রেকর্ড পর্যবেক্ষণ।

## পানি ও ভূমির ব্যাপারে কী হবে?

AQD পানি বা ভূমি ব্যবহার নিয়ন্ত্রণ করে না; তবে ওয়ারেন WWTPকে এই অঞ্চলে ভূমি ও পানি রক্ষার পরিবেশগত বিধিবিধান মেনে চলতে হবে।

## এই প্রকল্পের জন্য পরিবেশগত ন্যায়বিচার বিবেচনা করা হয়েছিল?

জনসাধারণের মন্তব্যের জন্য প্রস্তাবিত পারমিট উন্মুক্তকরণের একটি অংশে পরিবেশগত ন্যায়বিচার, রুপান্তর এবং অন্যান্য কমিউনিটি নির্দিষ্ট উদ্বেগসহ প্রস্তাবিত প্রকল্পের আশেপাশের কমিউনিটির মূল্যায়ন আছে। অনুমতি দেওয়ার ক্ষেত্রে আমরা কীভাবে এটি বিবেচনা করি তার সম্পূর্ণ বিবরণ "পরিবেশগত ন্যায়বিচার সহ: মিশিগানে এয়ার পারমিটিং" এ পাওয়া যাবে। ভাষা মূল্যায়ন থেকে দেখা যায় প্রস্তাবিত প্রকল্পের অবস্থানের ১ মাইল ব্যাসার্ধের মধ্যে "খুব ভালোর চেয়ে কম" ইংরেজি বলতে পারে এমন লোকের সংখ্যা বেশি। এর ফলে USEPA এর EJSCREEN এর মতো পরিবেশগত ন্যায়বিচার স্ক্রিনিং সরঞ্জাম ব্যবহার করে EGLE এর সীমিত ইংরেজি দক্ষতা পরিকল্পনা আবশ্যক। মূল্যায়নে দেখা গেছে যে আরবি, বাংলা ও পোলিশ ভাষার জন্য অনুবাদের প্রয়োজন ছিল।

## আমি কোথায় আরো তথ্য পেতে পারি?

প্রযুক্তিগত তথ্যপত্র এবং প্রস্তাবিত পারমিটের শর্তাবলীর মতো অন্যান্য তথ্য Michigan.gov/EGLEAirPublicNotice ঠিকানায় পাওয়া যাবে, "মন্তব্যের জন্য উন্মুক্ত অ্যাপ্লিকেশন" নির্বাচন করুন।

প্রযুক্তিগত তথ্যপত্রে প্রকল্প সম্পর্কে অতিরিক্ত বিবরণ রয়েছে এবং এটি কীভাবে নিয়ম ও বিধিমালা পূরণ করবে, যেমন:

- AQD কর্মীদের দ্বারা সম্পন্ন পর্যালোচনার একটি সারসংক্ষেপ।
- এই প্রকল্প বায়ুর গুণগতমান ও জনস্বাস্থ্যে কিভাবে প্রভাব ফেলবে।
- প্রস্তাবিত পারমিটের জন্য ওয়ারেন WWTP কে কী করতে হবে তার সারসংক্ষেপ।
- প্রস্তাবিত প্রকল্প থেকে প্রত্যাশিত নির্গমনের সারসংক্ষেপ।
- এই প্রস্তাবিত প্রকল্পের জন্য প্রযোজ্য নিয়ম ও বিধিমালা।
- প্রস্তাবিত প্রকল্পের জন্য মূল্যায়নকৃত সকল TAC এর তালিকা সহ একটি পরিশিষ্ট।

AQD কর্মীরা অনুরোধের ভিত্তিতে অতিরিক্ত তথ্য সরবরাহ করতে পারেন।

## সারসংক্ষেপ:

AQD Warren WWTP কর্তৃক জমাকৃত এই PTI আবেদন পর্যালোচনা করেছে এবং একটি প্রস্তাবিত পারমিট তৈরি করেছে। প্রস্তাবিত পারমিট অনুমোদিত হলে, এটি নিশ্চিত করবে যে এই ফ্যাসিলিটি প্রযোজ্য বায়ু মানের আবশ্যকীয়তাগুলো পূরণ করছে। অতএব, আমরা এই প্রস্তাবিত পারমিটকে অনুমোদন দেবার সুপারিশ করছি।

তবে, AQD এই PTI আবেদনের ব্যাপারে কোনো পদক্ষেপ নেবার আগে, আমরা জনগণকে মন্তব্য জানানোর অনুরোধ করছি। AQD গণমন্তব্য পর্ব ও গণশুনানি চলাকালে প্রাপ্ত সকল মন্তব্য পর্যালোচনা করবে, এরপর সিদ্ধান্ত নিবে প্রস্তাবিত PTI আবেদনকে অনুমোদন দেবে কিনা এবং পরিমার্জনসহ অনুমোদন দেবে কিনা অথবা প্রত্যাখ্যান করবে কিনা।

## আমি কার সাথে যোগাযোগ করতে পারি?

প্রস্তাবিত পারমিট সম্পর্কে আরো তথ্য জানতে, অনুগ্রহ করে এন্ড্রু ডুরি, AQD, এর সাথেDruryA@Michigan.gov ঠিকানায় অথবা ৫১৭-৬৪৮-৬৬৬৩ নম্বরে যোগাযোগ করুন।

## EGLE জনগণের কী ধরনের মন্তব্য বিবেচনা করে?

জনগণের মন্তব্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু আমরা সিদ্ধান্ত গ্রহণের সময় কী বিবেচনা করতে পারি এবং কী বিবেচনা করতে পারি না সে সম্পর্কিত আইন স্পষ্টভাবে জানাও গুরুত্বপূর্ণ। নিচে কিছু উদাহরণ দেওয়া হলো।

| আমরা কী বিবেচনা করতে পারি | আমরা কী বিবেচনা করতে পারি না |
|---|---|
| ✓ পর্যালোচনার কারিগরি ত্রুটি | • বায়ু, ভূমি, বা পানির সমস্যা এই প্রকল্পের অংশ নয় |
| ✓ ব্যাকরণ ও বানানে ভুল | • অভ্যন্তরীণ বায়ু দূষণ |
| ✓ এই পদক্ষেপের অন্য যেসব বিধি মেনে চলা উচিত এবং কেন | • ট্রাফিক |
| | • শব্দ দূষণ ও আলো |
| | • জোনিং সংক্রান্ত সমস্যা |
| ✓ পদক্ষেপটি এই বিধিমালা কেন মেনে চলবে না | • এই প্রকল্পের সাথে সম্পৃক্ত নয় এমন যেকোনো কিছু |

## আমি কিভাবে মন্তব্য করতে পারি?

AQD মন্তব্যের সময়কালে জনগণের মন্তব্যকে স্বাগত জানায়। মন্তব্য করার আগে কিভাবে করতে হয় তার, "একটি উদাহরণ দেখে নেওয়া" ভালো। এছাড়াও আপনি "গণশুনানি - আপনার কী কী জানা উচিত" কার্ডটি পড়ে দেখতে পারেন।

ওয়ারেন WWTP এর সাথে সম্পর্কিত কাগজপত্র পাওয়া যাবে এখানে: Michigan.gov/EGLEAirPublicNotice

**২০ আগস্ট, ২০২৪** তারিখের মধ্যে মন্তব্য গৃহীত হতে হবে।

ইমেইলের মাধ্যমে
EGLE-AQD-PTIPublicComments@Michigan.gov

US মেইলের মাধ্যমে
সিনডি স্মিথ, পারমিট শাখা ব্যবস্থাপক, EGLE, AQD, P.O. Box 30260
Lansing, MI 48909-7760

ভয়েসমেইলের মাধ্যমে
৬১৭-২৮৪-০৯০০ নম্বরে কল করার মাধ্যমে

ভার্চুয়াল গণশুনানিতে
৮ আগস্ট, ২০২৪ তারিখের জনসভার পর শুরু। জনসাধারণ জনসভা ও শুনানিতে যোগ দিতে পারবে: https://bit.ly/3KzHFGT। শুধু শুনতে ৬৩৬-৬৫১-৩১৪২ নম্বরে কল করুন এবং কনফারেন্স কোড ৩৭৪২৮৮ ব্যবহার করুন। EGLE কর্মীরা প্রশ্নের উত্তর দিতে এবং প্রয়োজনে সহায়তা প্রদানের জন্য উপলব্ধ থাকবে।

EGLE মিশিগানের বাসিন্দাদের উন্নয়ন, বাস্তবায়ন এবং আইন, বিধিমালা ও নীতি প্রয়োগের বিষয়ে ন্যায়সঙ্গত আচরণ ও অর্থপূর্ণ সম্পৃক্ততা উৎসাহিত করে। ন্যায়সঙ্গত আচরণের অর্থ হলো কোনো পক্ষ সরকারী, শিল্প বা বাণিজ্যিক কার্যক্রম ও নীতিমালার ফলে সৃষ্ট নেতিবাচক পরিণতির অসামঞ্জস্যপূর্ণ শেয়ার বহন করে না। অর্থপূর্ণ সম্পৃক্ততার অর্থ হলো সব মানুষের তাদের পরিবেশ এবং/অথবা স্বাস্থ্যকে প্রভাবিত করে এমন সিদ্ধান্তে অংশ নেওয়ার সুযোগ রয়েছে।

EGLE জাতি, লিঙ্গ, ধর্ম, বয়স, রাষ্ট্রীয় পরিচয়, বর্ণ, বৈবাহিক অবস্থা, প্রতিবন্ধিত্ব, রাজনৈতিক বিশ্বাস, উচ্চতা, ওজন, জেনেটিক তথ্য বা যৌন অভিমুখিতার ভিত্তিতে এর কর্মসূচি বা কার্যক্রম পরিচালনায় বৈষম্য করে না, এবং প্রযোজ্য আইন ও বিধি অনুসারে ভীতি প্রদর্শন এবং প্রতিশোধ নিষিদ্ধ করে।